



## কুমিল্লায় জ্বর-হাম উপসর্গে ৮ মাসের শিশুর মৃত্যু



সংগৃহীত ছবি

কুমিল্লায় হাম-জাতীয় উপসর্গ নিয়ে ৮ মাস বয়সী এক কন্যাশিশুর মৃত্যু হয়েছে। সামিয়া আক্তার নামের ওই শিশুটি জ্বরে আক্রান্ত অবস্থায় কয়েকদিন ধরে অসুস্থ ছিল বলে জানা গেছে।

বুধবার দুপুরে তাকে আশঙ্কাজনক অবস্থায় কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের হাম আইসোলেশন ইউনিটে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় বিকেলেই তার মৃত্যু হয়। বিষয়টি নিশ্চিত করেছে কুমিল্লা জেলা সিভিল সার্জন কার্যালয়।

নিহত শিশু সামিয়া আক্তার কুমিল্লার দেবিদ্বার উপজেলার ইউসুফপুর গ্রামের শাহাদাত হোসেনের মেয়ে। চিকিৎসকদের তথ্য অনুযায়ী, সে প্রায় ৫-৬ দিন ধরে জ্বরে ভুগছিল।

কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিভাগের প্রধান জানান, ভর্তি হওয়ার সময় শিশুটির অবস্থা অত্যন্ত সংকটাপন্ন ছিল।

এদিকে জেলা সিভিল সার্জন কার্যালয়ের তথ্য অনুযায়ী, চলতি বছরে কুমিল্লায় হাম ও হাম-সংশ্লিষ্ট উপসর্গে মোট ১০ জন শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে একজনের মৃত্যু নিশ্চিত হাম হিসেবে শনাক্ত হয়েছে, বাকিদের ক্ষেত্রে সন্দেহজনক হিসেবে ধরা হয়েছে।